মুজিবনগরে লক ডাউনের প্রথম দিন জীবন যাত্রা প্রায় স্বাভাবিক, মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স গেটলক

দেশ ব্যাপী করোনা সংক্রমণে দ্বিতীয় ঢেও মোকাবেলায় সরকার ৫ই এপ্রিল থেকে ১১ই এপ্রিল পর্যন্ত দেশ ব্যাপী এক সপ্তাহের লক ডাউন জারি করেছে।

মেহেরপুরের মুজিবনগরে সপ্তাহ ব্যাপী লক ডাউনের প্রথম দিনে জীবন যাত্রা অন্য দিনের মত স্বাভাবিক। কিছু দোকানপাট বন্ধ থাকলেও মানুষের চলাচলের উপর কোন প্রভাব পড়েনি।

এই লক ডাউন এর মাঝেও প্রয়োজনে অপ্রয়োজনে মানুষ ঘর থেকে বের হচ্ছে নিয়মিত চলছে অটোরিক্সা, পাখী ভ্যান, চলছে মাটি বাহী ট্রাক্টর, খোলা আছে উপজেলা চা এর দোকান গুলি, মানা হচ্ছে না স্বাস্থ্যবিধি। প্রশাসন থেকে বার বার মাস্ক ব্যবহারে জন্য বলা হলে মাস্ক পরিধানে মানুষের মাঝে অনিহা লক্ষ করা যাচ্ছে।

সকালে উপজেলা প্রশাসন থেকে লকডাউনের নির্দেশনার বিষয়ে মাইকিং করা হলেও তাতে কর্নপাত করেনি সাধারণ মানুষ।

সকাল সাড়ে ১১টার সময় মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট সুজন সরকার উপজেলা বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা করে এবং সাধারণ মানুষকে সচেতন করা সহ মাস্ক বিতরণ করে এবং প্রত্যেক ব্যবস্যায়ীদের সরকারি নির্দেশনা মেনে চলার জন্য বলা হয় কেও সরকারি নির্দেশনা মেনে না চললে তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে তিনি জানান।

তিনি বলেন, আজকে মানুষ ও বিভিন্ন ব্যাবস্যায়ীদের সতর্ক করা সহ নির্দেশনা গুলি জানিয়ে দেওয়া হচ্ছে পরবর্তিতে যারা নির্দেশনা না মানবে তাদের বিরুদ্ধে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হবে।

এ সময় মুজিবনগর থানা অফিসার ইনচার্য (তদন্ত)শরিফুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি টিম নির্বাহী অফিসারকে সহযোগীতার করেন।

এদিকে,লকডাউন ঘোষণার সাথে সাথে মুজিবনগর মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য করা হয়েছে গেটলক।

মুজিবনগর পর্যটন কেন্দ্র মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্সে পর্যটক প্রবেশের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার তিনি বলেন, গতকাল পর্যন্ত পর্যটক প্রবেশে কিছু শিথিলতা থাকলেও আজ থেকে মুক্তিযুদ্ধ স্মৃতি কমপ্লেক্স পর্যটকদের জন্য গেটলক করা হয়েছে।

জীবননগর প্রেসক্লাবের দ্বী- বার্ষিক নির্বাচন

জীবননগর প্রেসক্লাবের দ্বি-বার্ষিক সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শুক্রবার দুপুরে প্রেসক্লাব কার্যালয়ে ভারপ্রাপ্ত সভাপতি এসএম কামাল উদ্দিন জোয়াদের সভাপতিত্বে সাধারণ সভা ও নির্বাচন অনুষ্ঠিত হয়।

নির্বাচনে এম আর বাবু সভাপতি ও কাজী সামসুর রহমান চঞ্চল সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

কমিটির সহ-সভাপতি পদে নারায়ণ ভৌমিক, সহ-সম্পাদক পদে মুন্সী রায়হান উদ্দিন, অর্থ সম্পাদক পদে মামুন-উর রহমান, দপ্তর সম্পাদক হুমায়ন কবীর, প্রচার ও প্রকাশনা সম্পাদক পদে নূর আলম, সমাজ কল্যাণ সম্পাদক পদে শেখ শহিদুর, নির্বাহী সদস্য পদে এসএম কামাল উদ্দিন জোয়াদ, সালাউদ্দীন কাজল ও আতিয়ার রহমান হয়েছেন।

নির্বাচন পরিচালনা করেন সিনিয়র সাংবাদিক কামাল সিদ্দিকী বাবু, শেখ সামসুল আলম ও আবু সাঈদ বাবুল।

মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর মেহেরপুর জেলা শাখার পূর্নাঙ্গ কমিটির আত্মপ্রকাশ

বাংলাদেশ আওয়ামী মুক্তিযোদ্ধা প্রজন্মলীগ এর মেহেরপুর জেলা শাখার পূর্নাঙ্গ কমিটির আত্মপ্রকাশ করেছে। শুক্রবার মেহেরপুর জেলা শাখার সভাপতি তরিকুল ইসলাম রাজিব এর নেতৃত্বে মুজিবনগর স্মৃতিসৌধে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে কমিটির আত্মপ্রকাশ করে।

গত ২২ মার্চ কেন্দ্রীয় কমিটির সভাপতি আসাদুজ্জামান ও সাধারণ মেজবাহ উদ্দিন সাক্ষরিত রাজিবকে সভাপতি ও সোহাগকে সাধারণ সম্পাদক করে ৭১ সদস্য বিশিষ্ট পূর্নাঙ্গ কমিটির অনুমোদন দেওয়া হয়।

কমিটির অন্য সদস্যরা হলেন, সিনিয়র সহ সভাপতি রাজু আহমেদ লিটন, সহ সভাপতি শাহাবুল ইসলাম, মিনারুল ইসলাম মিনার, আলি হোসেন, শওকত আলী, আলাউদ্দিন, রিপন মিয়া, যুগ্ম সম্পাদক ইফতেখার হোসেন সবুজ, আবু আলহা বিন হাবিব, ফারুক উদ্দিন তপু, মিরাজুল ইসলাম, সোহেল রানা, সাংগঠনিক সম্পাদক ডিউকুজ্জমানান তুহিন,

সুজাউদ্দিন সুজন, সাদ্দাম হোসেন, ফরিদুল ইসলাম, প্রচার সম্পাদক সোহানুর রহমান, দপ্তর সম্পাদক ফয়সাল হাসান, অর্থ বিষয়ক সম্পাদক আলামিন, মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক জাব্দুর রহিম, কৃষি বিষয়ক সম্পাদক বোরহান উদ্দিন, ধর্ম বিষয়ক সম্পাদক কাজী সাজেদুর রহমান, যুব ও ক্রিয়া বিষয়ক সম্পাদক আশিক পারভেজ সেতু,

সাংস্কৃতিক বিষয়ক সম্পাদক হাসানুজ্জামান সোহেল, মহিলা বিষয়ক সম্পাদক সোনিয়া ইসলাম, সমাজ কল্যান বিষয়ক সম্পাদক আবুল কালাম আজাদ সুমন, তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক মাসুদ রানা, আইন বিষয়ক সম্পাদক আবুল কালাম আজাদ, বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক মনিরুল ইসলাম মনি, শিল্প বিষয়ক সম্পাদক সাজেদুল ইসলাম সাজু, শিক্ষা ও মানব সম্পদ বিষয়ক সম্পাদক আল-ফাহাদ রুপম, শ্রম ও জনসংখ্যা সম্পাদক ফিরোজ শেখ,

প্রচার ও প্রকাশনা উপ সম্পাদক মেহেদী হাসান, দপ্তর উপ সম্পাদক

ইয়াসিন আলী, সহ সম্পাদক সুজন জোয়ার্দার, ফয়সাল বাশার, রায়হানুল ইসলাম, পিয়ার আলী, জাহিদ হাসান, খুরশিদ আলম, জহিরুল ইসলাম, শেখ গাদ্দফী, সুমন মন্ডল, আজাদ বিশ্বাস, সজীব আহমেদ, জাহিদ হাসান রঞ্জু।

এ ছাড়াও ২৩ জন সদস্য রয়েছে।

ঝিনাইদহে বিদ্যুৎ পৃষ্টে স্কুল ছাত্রীর মৃত্যু

ঝিনাইদহ সদর উপজেলার ৭নং মহারাজপুর ইউনিয়নের কেশবপুর গ্রামের মালয়েশিয়া প্রবাসী মিন্টু মন্ডল এর মেয়ে ও বিষয়খালী শহীদ মোস্তফা স্কুল এন্ড কলেজের নবম শ্রেণীর ছাত্রী উর্মি খাতুন বিদ্যুৎ পৃষ্ট হয়ে মৃত্যু বরণ করে।

পারিবারিক সূত্রে জানা যায়, উর্মি খাতুন স্কুল থেকে বাসায় ফিরে খাবার খাইতে বসে এ সময় রুমের ভেতর তাপমাত্রা বেশি থাকায় টেবিল ফ্যান টা ব্যবহার করার জন্য মাল্টিপ্লাগের লাইনটা দিতে গিয়েছিল।

এসময় মাল্টিপ্লাগের তারে উর্মি পা পড়লে তারে লিক থাকায় সে বিদ্যুৎ পৃষ্ট হয় এবং ঝিনাইদহ সদর হাসপাতালে নেওয়ার পথে সে মারা যায়।
পরে হাসপাতালের জরুরী বিভাগের কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু এনপিএল

[redacted]

[redacted]

[redacted]

[

প্রেসক্লাবের আয়োজনে ও চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমির ব্যবস্থাপনায় ক্রিকেট লীগটি শুরু হলো।

খেলায় যে ৮টি দল অংশ নিচ্ছে তারা হলো শেখ কামাল একদাশ (চুয়াডাঙ্গা জেলা প্রশাসন), শেখ জামাল একাদশ (পুলিশ প্রশাসন), শেখ রাসেল একাদশ (চুয়াডাঙ্গা প্রেসক্লাব), শেখ আবু নাসের একাদশ (চুয়াডাঙ্গা মুক্তিযোদ্ধা কমান্ড), শেখ সজিব ওয়াজেদ জয় একাদশ (ফার্স্ট ক্যাপিটাল ইউনিভারসিটি), শেখ রেহেনা একাদশ (চুয়াডাঙ্গা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা ক্রিকেট একাডেমি), শেখ মনি একাদশ (চুয়াডাঙ্গা পৌরসভা) ও শেখ ফজলে নুর তাপস একাদশ (চুয়াডাঙ্গা নাইটিঙ্গেল ক্রিকেট একাডেমি)।

চুয়াডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান, জরিমানা আদায়

চুয়াডাঙ্গা সদর উপজেলায় ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমাণ আদালত অভিযান চালিয়েছেন। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা সদর উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মুহাম্মদ সাদিকুর রহমান।

বৃহস্পতিবার বেলা সাড়ে ১১ টার সময় চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজার এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে মাস্ক পরিধান না করা এবং স্বাস্থ্য বিধি না মানার অপরাধে সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নিমূল) আইন, ২০১৮ এর ২৪ ধারায় ৫ টি মামলায় ১৪ জন কে সর্বমোট ৩,৭৫০/- টাকা জরিমানা করেন।

ভ্রাম্যমাণ আদালত পরিচালনা ও সার্বিকভাবে সহযোগিতা করেন পেশকার সোবহান আলী, ও অফিস সহায়ক মোঃ আরমান আলী এবং সরোজগঞ্জ ফাঁড়ি পুলিশের চৌকস দল।

এসময় উপজেলা নির্বাহী অফিসার মোঃ সাদিকুর রহমান বলেন, সরকারের সকল নিয়ম-নীতি মেনে চলতে হবে, প্রয়োজন ছাড়া ঘরের বাহিরে বের হওয়া যাবেনা এবং সকলকে মাস্ক পরিধান করে বাইরে বের হতে হবে

জনস্বার্থে এ অভিযান চলতে থাকবে বলে জানিয়েছেন তিনি।

হেফাজতের ডাকা হরতালের বিরুদ্ধে মেহেরপুর জেলা যুবলীগের বিক্ষোভ মিছিল

মৌলবাদী ও সম্প্রদায়িক গোষ্ঠীর রাষ্ট্রবিরোধী অপ-তৎপরতা ও হরতালের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছে মেহেরপুর জেলা যুবলীগ।

শনিবার বিকেলে মেহেরপুর জেলা যুবলীগের উদ্যোগে এই বিক্ষোভ মিছিলের আয়োজন করা হয়। মেহেরপুর জেলা যুবলীগের আহবায়ক মাহফুজুর রহমান রিটন ও যুগ্ম আহবায়ক শহিদুল ইসলাম পেরেশান এর নেতৃত্বে বিক্ষোভ মিছিলটি পৌর কমিউনিটি সেন্টার থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে গিয়ে শেষ হয়।

মিছিল থেকে নেতাকর্মীরা হেফাজতের বেআইনি হরতাল ও নাশকতার বিরুদ্ধে স্লোগান দেয়। এসময় মাহফুজুর রহমান রিটন বলেন, বাংলাদেশ যখন স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদ্যাপন করছে, তখন রাজনৈতিক ফায়দা লুটতে সাম্প্রদায়িক ও মৌলবাদী গোষ্ঠী দেশে অরাজকতা সৃষ্টি করে রাজনৈতিক ফায়দা লোটার চেষ্টা করছে। এদের প্রতিহত করা আমাদের নৈতিক দায়িত্ব। এখনই রুখে না দাঁড়ালে মৌলবাদীদের সাহস বেড়ে যাবে। সাহস বেড়ে গেলে এরা বাংলাদেশকে পাকিস্তানি ভাবধারায় ফিরিয়ে নেওয়ার চেষ্টা করবে। সাম্প্রদায়িক ও মৌলবাদী গোষ্ঠীকে দাঁতভাঙা জবাব দেবে যুবলীগ।

তিনি আরও বলেন, জননেত্রী শেখ হাসিনার দক্ষ নেতৃত্বে দেশ এগিয়ে চলছে উন্নয়নের দিকে, ঠিক তখনই স্বাধীনতার পরাজিতরা দেশে বিশৃঙ্খলা সৃষ্টির পায়তারা করছে। তাদের সে স্বপ্ন সফল হবে না। বাংলাদেশ যুবলীগ সবসময়ে শেখ হাসিনার ভ্যানগার্ড হয়ে থাকবে। তিনি মেহেরপুর সহ দেশের সকলস্তরের জনগণ হরতাল পালন না করতে উদাত্ব আহবান জানান।

জেলা যুবলীগের সদস্য ইয়ানুচ আলী,মাহবুব হাসান ডালিম, সাজেদুর রহমান সাজু, সাইদুর রহমান উজ্জল, শেখ সারাফত, সদর উপজেলা যুবলীগের যুগ্ম আহবায়ক মিজানুর রহমান অপু, শহর যুবলীগের যুগ্ম সাধারণ সম্পাদক শহিদুজ্জামান সুইট, বুড়িপোতা ইউনিয়ন যুবলীগের সভাপতি উজ্জল হোসেন,

সাধারণ সম্পাদক রুমেল হোসেন, কুতুবপুর ইউনিয়নের সভাপতি হাজী সাইফুল ইসলাম, রায়হান উদ্দিন মুন্ট, আমদাহ ইউপি যুবলীগের সাধারণ সম্পাদক আব্দুস সামাদ, বারাদি ইউনিয়ন যুবলীগের সভাপতি রিংকু মাহমুদ, সাধারণ সম্পাদক আলহামদু, বাগোয়ান ইউনিয়ন যুবলীগের সভাপতি আজিজুল হক মংলা, সাধারণ সম্পাদক বাবুল মল্লিক, মহাজনপুর ইউনিয়ন যুবলীগের সভাপতি মফিজুল ইসলাম মজনু, সাধারণ সম্পাদক আরিফুল হক মিঠু,

গাংনী উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি বিপ্লব হোসেন, আমঝুপি ইউপি যুবলীগের সভাপতি সামসুজ্জামান চমন, জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক জুয়েল রানা, সদর উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, সাবেক যুগ্ম সাধারন সম্পাদক আব্বাস আলী, কাজল শেখসহ দলীয় নেতাকর্মীরা বিক্ষোভ মিছিলে অংশ গ্রহন করেন।

উল্লেখ্য বাংলাদেশে ভারতের প্রধানমন্ত্রী নরেদ্র মোদির আগমনের প্রতিবাদে বায়তুল মোকাররম, হাটহাজারীসহ সারা দেশে আন্দোলনরতদের ওপর হামলা ও ৪ জন নিহত হওয়ার ঘটনায় এ কর্মসূচি ঘোষণা করা হেফাজতে ইসলাম।

বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে মেহেরপুর প্রতিদিন’র প্রতিষ্ঠা বার্ষিকী পালিত

মেহেরপুর দক্ষিণ-পশ্চিমাঞ্চলের মানুষের প্রিয় দৈনিক মেহেরপুর প্রতিদিন পত্রিকার ৪র্থ বর্ষে পদার্পণ উপলক্ষে দিনব্যাপী বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হচ্ছে। আজ

শনিবার দিনব্যাপী মেহেরপুর প্রতিদিন’র হোটেল বাজারের প্রধান কার্যালয়ে এই প্রতিষ্ঠা বার্ষিকী পালিত হচ্ছে।

১ম অংশে মেহেরপুর প্রতিদিনের ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সঞ্চালনায় জেলা পরিষদের চেয়ারম্যান আলহাজ¦ গোলাম রসুল ও পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন কেক কেটে অনুষ্ঠানের উদ্বোধন করেন।

এসময় জেলা পরিষদের চেয়ারম্যান বলেন, মেহেরপুর প্রতিদিন হাটি হাটি পা পা করে তিন বছর অতিক্রম করে চার বছরে পদার্পণ করলো। আমার মনে আছে হোটেল বাজারে সাবেক নৌ মন্ত্রী শাহজাহান খান উপস্থিত থেকে এই পত্রিকার মোড়ক উন্মোচন করেন। আমি আশা করি আমরা সবাই মিলে এই পত্রিকাকে সামনের দিকে এগিয়ে নিয়ে যেতে পারবো।

পৌর মেয়র মাহফুজুর রহমান রিটন বলেন, আমরা প্রতিষ্ঠার শুরু থেকেই মেহেরপুর প্রতিদিন’র সাথে আছি। মেহেরপুর প্রতিদিন মানুষের মনে আস্থার জায়গা করে নিয়েছে। এই জেলার মুজিবনগরেই স্বাধীন বাংলাদেশের প্রথম সরকার গঠিত হয়েছিল। মেহেরপুর প্রতিদিন মহান মুক্তিযুদ্ধের সেই গৌরবোজ্জল ইতিহাসকে ধারণ করে মুক্তিযুদ্ধের ইতিহাস ও চেতনা সমুন্নত রাখার পাশাপাশি মেহেরপুর জেলা ও দক্ষিণ-পশ্চিমাঞ্চলসহ বাঙালি জাতির হাজার বছরের ইতিহাস-ঐতিহ্য-সংস্কৃতি তুলে ধরছে। জনগণের সংগ্রাম-দুঃখ-কষ্ট-হাসি-কান্নার খবরগুলো বস্তুনিষ্টভাবে তুলে ধরছে। মেহেরপুর প্রতিদিনের দীর্ঘায়ু কামনা করছি।

২য় অংশে মেহেরপুর প্রতিদিনের গাংনী প্রতিনিধি আকতারুজ্জামানের সঞ্চালনায়, মেহেরপুর প্রেস ক্লাবের সাবেক সভাপতি রুহুল কুদ্দুস টিটো, সাবেক সাধারণ সম্পাদক রফিকুল আলম, মেহেরপুর সরকারি কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল আমিন, প্রথম আলো’র মেহেরপুর প্রতিনিধি আবু সাঈদ, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সভাপতি তোজাম্মেল আজম, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুনসহ বিভিন্ন গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

[redacted]

[redacted]

দলিত জনগোষ্টীর তেমন কেউ ভারতে পাড়ি জমায়নি। দেশ স্বাধীন হওয়ার পর দেশে ফিরে কেউই তাদের বসত ভিটা ফিরে পাইনি। সকলের বাড়ি ঘর পুড়িয়ে দিয়েছিল পাকিস্তানি বা এদেশের রাজাকাররা। আমাদের পরিবারও একই পরিণতির শিকার হয়েছিলো।

গাংনীর শিমুলতলা গ্রামের হোমিওপ্যাথি চিকিৎসক নীলমণি গোস্বামী বয়স ৭১ বছর। তিনি বলেন একাত্তরে যুদ্ধের সময় আমার বয়স ছিল ১৭-১৮ বছর। স্বাধীনতা যুদ্ধের সময় আমি অস্ত্র, খাবার ঘাড়ে করে মুক্তিযোদ্ধাদের বিভিন্ন জায়গায় পৌঁছে দিয়েছি। কুঞ্জনগর গ্রামের বীর মুক্তিযোদ্ধা আব্দুল মতিন এবং সহড়াবাড়িয়া গ্রামের মুক্তিযোদ্ধা পাতান মাস্টার এই দুজনের সান্নিধ্য পেয়েছিলাম। বাবা গ্রাম পুলিশের চাকরি করতো, ট্যাক্স আদায় করার জন্য চেয়ারম্যান সাহেব তাগাদা দিত, বাবা গ্রামের বিভিন্ন কাজে গেলে রাজাকাররা হিন্দু বলে টর্চার করতো। সংসারের অভাব ও বাবা-মায়ের কারণে যুদ্ধে যেতে পারিনি। কিন্তু মুক্তিযুদ্ধের মাধ্যমে বাংলাদেশ স্বাধীন হোক এটা শতভাগ চেয়েছি।

একাত্তরের এই সামগ্রিক কর্মকাণ্ডে নিবিড় ভাবে কয়েকজনের নাম উল্লেখ করা হলেও মেহেরপুরের দলিত জনগোষ্ঠীর অনেরই রয়েছে ভিন্ন ভিন্ন অভিজ্ঞতা। যা এখানে তুলে ধরা সম্ভব হলো না। যুদ্ধের সময়ে এমনও অনেক কাহিনি আছে যা শুনে বেদনায় শিহরিত হতে হয়। বাংলাদেশ হোক সকল সম্প্রদায়ের অসাম্প্রদায়িক দেশ এটিই সকলের চাওয়া।

লেখক: ব্যবস্থাপনা সম্পাদক,মেহেরপুর প্রতিদিন ও সাধারণ সম্পাদক, মেহেরপুর জেলা প্রেস ক্লাব।

মেহেরপুরে জেলা প্রশাসনের উদ্যোগে মহান স্বাধীনতা দিবস পালিত

মেহেরপুরে মহান স্বাধীনতা দিবস ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে স্মৃতিসৌধে

পুষ্পমাল্য অর্পণ করা হয়েছে।

শুক্রবার সকালে মেহেরপুর শহীদ স্মৃতিসৌধে এই পুষ্পমাল্য অর্পণ করা হয়। জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেনের পক্ষে সর্বপ্রথম পুষ্পমাল্য অর্পণ করা হয়।

এরপরে জেলাবাসীর পক্ষে জেলা প্রশাসক ড. মুহাম্মদ মুনসুর আলম খান, পুলিশ বিভাগের পক্ষে অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম পুষ্পমাল্য অর্পণ করেন।

এর পরপরই পুষ্পমাল্য অর্পণ করেন মেহেরপুর জেলা পরিষদ, বীর মুক্তিযোদ্ধা, এলজিডি, মেহেরপুর সিভিল সার্জেন্ট, জেলা নির্বাচন অফিস, উপজেলা আওয়ামী লীগ, পাবলিক লাইব্রেরী, জেলা সমাজসেবা, জেলা কারাগার, জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, উপজেলা পরিষদ, গণপূর্ত বিভাগ, জেলা প্রাণিসম্পদ মেহেরপুর, টিটিসি মেহেরপুর, ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক,

জেলা শিল্পকলা একাডেমী, পল্লী বিদ্যুৎ সমিতি মেহেরপুর, জেলা পরিবার পরিকল্পনা, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ছহিউদ্দিন ডিগ্রী কলেজ, মেহেরপুর সরকারি কলেজ, মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ মেহেরপুর সরকারি মহিলা কলেজ, মেহেরপুর পৌরসভা এবং যুবলীগ, মেহেরপুর শহর আওয়ামী লীগ, মেহেরপুর জেলা মহিলা লীগ সহ বিভিন্ন সরকারি এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান শহীদ স্মৃতিসৌধ পুষ্পমাল্য অর্পণ করেন।